

শিশু ধর্ষণের অভিযোগে স্কুলশিক্ষক গ্রেফতার

■ সমকাল প্রতিবেদক

পাঁচ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে রাজধানীর মিরপুরে মিনহাজ উদ্দিন নামে এক স্কুলশিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার রাতে গ্রেফতারের পর গডকাল বুধবার তাকে আদালতে পাঠানো হয়। অসুস্থ শিশুটিকে মঙ্গলবারই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ানটুপ, জুইসিস সেন্টারে (ওসিসি) ভর্তি করা হয়েছে।

মিরপুর থানার উপপরিদর্শক এনামুল হক বন্দুকার সমকালকে জানান, শিশুটি পশ্চিম শেওড়াপাড়ার হুনি ক্রিসেন্ট নামে একটি স্থলে গ্রে-ফেণীতে পড়ে। মঙ্গলবার ওই স্থলের ধর্মশিক্ষক মিনহাজ উদ্দিন তাকে ডেকে নেন। এরপর তাকে স্থলের বাথরুমে নিয়ে ধর্ষণ করেন। রাসায় ফেরার পর শিশুটির কান্না দেখে তার স্বজনরা কারণ জানতে চান। তখন সে জানায়, 'স্যার মারছে'। কোথায় যেতে তা খুঁজতে গিয়ে স্বজনরা শিশুটির রক্তাক্ত জখম দেখতে পান। পরে তাকে ওসিসিতে নেওয়া হয়। অভিযোগ পেয়ে পুলিশ রাতেই পশ্চিম শেওড়াপাড়ার ১৫৯/১০/ক নম্বর বাসা থেকে মিনহাজকে আটক করে শিশুটির সামনে নিয়ে যায়।

শিশুটি শনাক্ত করলে তাকে গ্রেফতার করা হয়। পরে মধ্যরাতে তার বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা হয়। গডকাল পাঁচদিনের রিমান্ড চেয়ে তাকে আদালতে পাঠানো হয়। বিচারক রিমান্ড নাযন্ত্রণ করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।